# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৫৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতে মুক্তাদীর সংখ্যা যত বেশি হবে, সেটা আল্লাহর কাছে তত বেশি প্রিয় হবে

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمَأْمُومِينَ كُلَّمَا كَثُرُوا كَانَ ذَلِكَ أَحَبَّ إِلَى اللَّهِ عَزَّ وَجَلَّ

আরবী

2054 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ أَخْبَرَنَا شُعْبَةُ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ عَبْدِ اللَّهِ بن أبي بصير عن أبي كَعْبٍ قَالَ: صَلَّى بِنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الصُّبْحَ فَقَالَ: (أَشَاهِدٌ فُلَانٌ)؟ قَالُوا: لَا فَقَالَ: (أَشَاهِدٌ فُلَانٌ)؟ قَالُوا: لَا قَالَ: (إِنَّ هَاتَيْنِ الصَّلَاتَيْنِ أَثْقَلُ الصَّلَوَاتِ عَلَى الْمُنَافِقِينَ وَلَوْ يَعْلَمُونَ فَضْلَ مَا فِيهِمَا لَأَتَوْهُمَا وَلَوْ حَبْوًا وَإِنَّ الصَّفَّ الْأَوَّلَ لَعَلَى مِثْلِ صَفِّ الْمَلَائِكَةِ وَلَوْ تَعْلَمُونَ فَضِيلَتَهُ لَابْتَدَرْتُمُوهُ وَصَلَاةُ الرَّجُلِ مَعَ الرَّجُلَيْنِ أَزْكَى مِنْ صَلَاتِهِ مَعَ رَجُلٍ وَكُلَّمَا كَثُرَ فَهُوَ أَحَبُّ إِلَى اللَّهِ)

الراوي : أبي بن كَعْبٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2054 | خلاصة حكم المحدث: حسن ـ ((صحيح أبي داود)) (563) , ((التعليق الرغيب)) (1/ 152)

[2054/ م] ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ فِي عَقِبِهِ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الْوَهَّابِ الْحَجَبِيُّ عَنْ خَالِدِ بْنِ الْحَارِثِ عَنْ شُعْبَةَ عَنْ أَبِي إِسْحَاقَ أَنَّهُ أَخْبَرَهُمْ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي بَصِيرٍ عَنْ أَبِيهِ قَالَ شُعْبَةُ: وَقَدْ قَالَ أَبُو إِسْحَاقَ: سَمِعْتُهُ مِنْهُ وَمِنْ أَبِيهِ ..... ثُمَّ سَاقه.

বাংলা

২০৫৪. উবাই বিন কা'ব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের নিয়ে ফজরের সালাত আদায় করে তারপর বলেন, “ওমুক কি উপস্থিত?” লোকজন বলবেন, “জ্বী, না।” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “ওমুক কি উপস্থিত?” লোকজন বলবেন, “জ্বী, না।” রাসূল

সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “নিশ্চয়ই এই দুটি সালাত মুনাফিকদের উপর সবচেয়ে বেশি কঠিন। যদি তারা এই দুই সালাতের ফযীলত জানতো, তবে হামাগুড়ি দিয়ে হলেও তারা তাতে উপস্থিত হতো। নিশ্চয়ই সালাতের প্রথম কাতার ফেরেস্তাদের কাতারের মতো। যদি তোমরা এর ফযীলত জানতে তবে অবশ্যই তোমরা এজন্য প্রতিযোগিতা করতে। কোন ব্যক্তির দুইজন ব্যক্তির সাথে সালাত আদায় করা সেই ব্যক্তির আরেকজন ব্যক্তির সাথে সালাত আদায় করার চেয়ে উত্তম। এভাবে সালাতে মুসল্লীর সংখ্যা যত বেশি হবে, সেটা আল্লাহর কাছে তত বেশি প্রিয় হবে।”[1]

২০৫৪. উবাই বিন কা’ব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন... পুর্বের অনুরুপ হাদীস।”

## ফুটনোট

[1] আত তায়ালিসী: ৫৫৪; সুনান বাইহাকী: ৩/৬৭; মুসনাদ আহমাদ: ৫/১৪০; আবূ দাউদ: ৫৫৪; দারেমী: ১/২৯১; সহীহ ইবনু খুযাইমাহ: ১৪৭৭; হাকিম: ১/২৪৭-২৪৮; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২০০৪।

হাদীসটির ব্যাপারে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৫৬৩)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উবাই ইবনু কা’ব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91372

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন